9	For Introducer Based – Introducer's Aadhaar No.:	For HoF Based – Details of: <input type="checkbox"/> Father <input type="checkbox"/> Mother <input type="checkbox"/> Guardian <input type="checkbox"/> Husband <input type="checkbox"/> Wife HoF's EID/ Aadhaar No.:	
I hereby confirm the identity and address of _____ as being true, correct and accurate.			
Introducer/ HoF's Name:		Signature of Introducer/ HoF	

Disclosure under section 3(2) of THE AADHAAR (TARGETED DELIVERY OF FINANCIAL AND OTHER SUBSIDIES, BENEFITS AND SERVICES) ACT, 2016

I confirm that I have been residing in India for at least 182 days in the preceding 12 months / I am Non Resident Indian (NRI) & information (including biometrics) provided by me to the UIDAI is my own and is true, correct and accurate. I am aware that my information including biometrics will be used for generation of Aadhaar and authentication. I understand that my identity information (except core biometric) may be provided to an agency only with my consent during authentication or as per the provisions of the Aadhaar Act. I have a right to access my identity information (except core biometrics) following the procedure laid down by UIDAI.

Verifier's Stamp and Signature:

(Verifier must put his/ her Name, if stamp is not available)

Applicant's signature/ Thumbprint

To be filled by the Enrolment Agency only:

Date & time of Enrolment:


Note: In case of minor, the signature will be done by parent/guardian, in case of incapacitated person, the signature will be done by Legal Guardian of Incapacitated Person

* In case of NRI, only Indian Passport will be valid as POI.

STEP


9

ডকুমেন্ট প্রিভিউ উইন্ডো খোলা রয়েছে। এখানে, আপনি আধার আপডেট ফর্ম পরীক্ষা করে দেখতে পারেন। বিবরণ যাচাই করার পর উইন্ডো বন্ধ করতে ক্লজ ক্লিক করুন।


 STEP
 10

প্রিন্টআউট গ্রহণ করতে প্রিন্ট রিসিপ্ট ক্লিক করুন।

ইউসিএল ক্লায়েন্টে জনবিন্যাসগত বিবরণ হালনাগাদ করার বিভিন্ন পর্যায়:


 STEP
 1

 লগ ইন ক্রেডেনশিয়াল ব্যবহার করে ইউসিএল ক্লায়েন্ট খুলুন। নাগরিকের আধার নম্বর এন্টার করে তাঁর সম্পর্কিত বিবরণ বের করার জন্য তাঁর বায়োমেট্রিক ছাপ নিন। এরপর **Fetch Resident Details** (নাগরিকের বিবরণ বের করুন)-এ ক্লিক করুন।

Update Resident Information

Life-Cycle Changes | Enrolment Updates | Processes | Database Mgmt.

Update Request | **Demographics** | References | Processes | Review

Name: | Photo Update:

Personal Details

Gender:

Age/DOB:

Contact Details (Complete)

House/Edg./Apt. | পোষ্টকোড

Street/Road/Lane | স্থান/শিপিং

Landmark | যন্ত্রসম্পর্কিত

Area/Locality/Sector | অংশ

Village/Town/City, P.O. | গণ/কল্যাণ/গ্রাম, পোস্ট অফিস

District, Sub-District | জিলা, উপ-জিলা

State, PinCode | রাজ্য, পিন কোড

Mobile No. | Verify

Enrol | Verify

I confirm that I have been residing in India for at least 182 days in the preceding 12 months & information (including biometrics) provided by me to the UIDAI is my own and is true, correct and accurate. I am aware that my information (including biometrics) will be used for updation of Aadhaar and authentication. I understand that my identity information (except core biometric) may be provided to an agency only with my consent during authentication or as per the provisions of the Aadhaar Act. I have a right to access my identity information (except core biometrics) following the procedure laid down by UIDAI.

STEP 2

'Demographics' (জনবিন্যাসগত) পেজে হালনাগাদের কর্ম অনুযায়ী হালনাগাদ হওয়া তথ্য এন্টার করুন এবং Next (নেক্সট) ক্লিক করুন।

Update Resident Information

Life-Cycle Changes | Enrolment Updates | Processes | Database Mgmt.

Update Request | **Demographics** | References | Processes | Review

Proof of Date of Birth

This section is used to verify the date of birth of the resident.

Identity and Address Verification

Verify using supporting documents.

Document type:

Document no.:

Introduce: What is the resident's family address?

Name / Aadhaar No. (0000-0000-0000) | Address:

Head of Family: What is the resident's family address?

Relative Details

Relation Type & Name: (Validated name here) | ঐতিহ্য ক' নাম

Aadhaar No.: (0000-0000-0000)

Documents submitted for verification

Total number of document pages submitted:

STEP 3

হালনাগাদের আবেদনের ভিত্তিতে ড্রপ ডাউন থেকে সহায়ক নথিপত্র সিলেক্ট করা হয় আর সেই অনুযায়ী ক'টা নথিপত্র পাওয়া গেছে তা-ও উল্লেখ করা হয়।

নিরআধারনথিভুক্তকরণওআপডেটবোঝা

The screenshot shows the 'Update Resident Information' page. It includes a navigation bar with 'Demographics', 'Reference', 'Photograph', 'Fingerprint', 'Pin', and 'Home'. The main content area has a header for 'Pranav K Subramanyam Rang. ১৯৭৭ ০৯০৬ ৩৯৬৬'. Below this, there are fields for 'New Name: Nil Change' and 'Old Name: অক্ষয় কুমার'. A 'Verification Details' section lists 'Proof of identity', 'Proof of address', and 'Proof of Date of Birth'. At the bottom, there is a 'Resident biometric details' section. The 'Confirm' button is highlighted with a red box.


STEP 4

যা যা বিবরণ এন্টার করা হয়েছে তা একবার ঝালিয়ে নিয়ে দেখে নিতে হবে আর **Confirm** (ঠিক আছে) -তে ক্লিক করতে হবে।


The screenshot shows the 'Aadhaar: Confirm Enrolment Update' page. It features three fingerprint verification windows: 'Resident Confirmation', 'Operator Confirmation', and 'Introducer Confirmation'. Each window has a 'Place Any Finger' prompt and a 'VERIFY' button. Below the windows, there is a 'Cancel' button. The page also includes a disclaimer at the bottom regarding the use of biometric information.

STEP 5


অপারেটর ও নাগরিকের বায়োমেট্রিক কনফার্মেশন ক্যাপচার করতে হবে **Verify** (বৈধতা যাচাই) -এ ক্লিক করতে হবে।


STEP 6


সহায়ক নথিপত্র ও হালনাগাদের ফর্ম স্ক্যান করাটা বাধ্যতামূলক।


STEP 7

জনবিন্যাসগত বিবরণ হালনাগাদ করার জন্য **Submit** (জমা)-তে ক্লিক করুন।


STEP 8

প্রাপ্তস্বীকারের স্লিপের প্রিন্ট বের করার জন্য **Print Receipt** (রসিদ প্রিন্ট) -এ ক্লিক করতে হবে।

ইউসিএলক্লায়েন্টেছবিহালনাগাদকরারবিভিন্নপর্যায়:

STEP 1

নাগরিকেরআধারনম্বরএন্টারকরেতাঁরবামোমেট্রিকনিমে **Fetch Resident Details**
 (নাগরিকেরতথ্যবেরকরা) -য়ক্লিককরতেহবে।

Update Resident Information

Life-Cycle Changes | Enrolment Updates | Processes | Database Mgmt.

Update Requested | Demographics | References | Review

Name: [Name] | Photo Update

Personal Details

Gender: [Select] | Age/OOB: [Select]

Contact Details (Complete) | Edit

House/Rdg/Apt: [Select] | Street/Road/Lane: [Text] | Landmark: [Text]

Village/Town/City, P.O.: [Select] | District, Sub-District: [Select] | State, Pin Code: [Select]

Mobile No: [Text] | Verify

I confirm that I have been residing in India for at least 182 days in the preceding 12 months & information (including biometrics) provided by me to the UIDAI is my own and is true, correct and accurate. I am aware that my information including biometrics will be used for updation of Aadhaar and authentication.

I understand that my identity information (except core biometric) may be provided to an agency only with my consent during authentication or as per the provisions of the Aadhaar Act. I have a right to access my identity information (except core biometrics) following the procedure laid down by UIDAI.

Next

STEP 2

(জনবিন্যাস) পেজে (ছবি হালনাগাদ) সিলেক্ট করে বক্স চেক করে (নেক্সট) ক্লিক করতে হবে।

Update Resident Information

Life-Cycle Changes | Enrolment Updates | Processes | Database Mgmt.

Update Requested | Demographics | References | Review

Proof of Date of Birth

Class of Birth: [Select]

Identity and Address Verification

Verify using supporting documents

Class of ID: [Select] | Address Type: [Select]

Provide State/Union Territory's Birth/Address: [Text]

Name / Aadhaar No.: [Text] | [Text]

Head of Family shall verify the respective doc/ID/address: [Select]

Relative Details

Relation Type & Name: [Select] | Relative's name here: [Text] | Relative's ID No.: [Text]


Documents submitted for verification

Total number of document pages submitted: [Text]

Previous | Next

STEP 3

সহায়ক নথির সংখ্যাকে "1" বলে এন্টার করুন। যেমন হালনাগাদের ফর্ম।




STEP 4

এবার ফোটোগ্রাফ ট্যাবে গিয়ে **Resident's photo** (নাগরিকের ছবি)-তে ক্লিক করুন।



STEP 5

Reviewtab (রিভিউট্যাব)-এ ক্লিক করে হালনাগাদকরা বিবরণগুলো ঝালিয়ে নিয়ে নাগরিককে জিজ্ঞাসা করতে হবে যে, সব ঠিক আছে কিনা। সবশেষে **Save** (সেভ)-এ ক্লিক করতে হবে।



Update Resident Information

Aadhaar: Confirm Enrolment Update

Resident Confirmation Place Any Finger

Operator Confirmation Place Any Finger


Introducer Confirmation Place Any Finger

VERIFY VERIFY

Previous Print Preview

STEP 6

অপারেটর ও নাগরিকের বায়োমেট্রিক কনফার্মেশন ক্যাপচার করতে হবে। **Verify (বৈধতামাচাই)-এ ক্লিক করতে হবে।**



Document preview

Aadhaar Enrolment Update

Close

STEP 7

নাগরিক হালনাগাদের যে ফর্ম ভর্তি করে দিয়েছেন সেটা স্ক্যান করে আ পলোড করতে হবে।

Update Resident Information

Aadhaar: Confirm Enrolment Update

Resident: Place Any Finger

Operator: Place Any Finger

Introducer: Place Any Finger

I confirm that I have been residing in India for at least 182 days in the preceding 12 months & information (including biometrics) provided by me to the UIDAI is my own and is true, correct and accurate. I am aware that my information including biometrics will be used for updation of Aadhaar and authentication. I understand that my identity information (except core biometric) may be provided to an agency only with my consent during authentication or as per the provisions of the Aadhaar Act. I have a right to access my identity information (except core biometric).

STEP 8

 জনবিন্যাসগত বিবরণ হালনাগাদ করার জন্য **Submit** (জমা)-তে ক্লিক করুন।

Update Resident Information

Review

Success

Your request for Update has been accepted. Your request will be processed and you will be intimated through sms shortly on the mobile number provided.

Update Request Number:

Generate declaration in regional language.

Verification Details

Proof of identity: NA
 Proof of address: NA
 Proof of Date of Birth: NA


I confirm that I have been residing in India for at least 182 days in the preceding 12 months & information (including biometrics) provided by me to the UIDAI is my own and is true, correct and accurate. I am aware that my information including biometrics will be used for updation of Aadhaar and authentication. I understand that my identity information (except core biometric) may be provided to an agency only with my consent during authentication or as per the provisions of the Aadhaar Act. I have a right to access my identity information (except core biometric).

STEP 9

 প্রাপ্তি স্বীকার শ্লিপের প্রিন্ট বের করার জন্য **Print Receipt** (রসিদপ্রিন্ট)-এ ক্লিক করুন।


 STEP
 3

- জিপিএস ডিভাইস আইকনে ক্লিক করুন
- স্টার্ট জিপিএস বাটনে ক্লিক করুন


 STEP
 4

জিপিএস ডিভাইস চালু হয়েছে-রস্টেটাস চেক করে নিন



STEP

5

স্টেটাস চেক করুন – লাল স্টেটাস সরে গিয়ে হালনাগাদ হওয়া কো-অর্ডিনেট গুলি দেখা যাবে



STEP

6

ব্যান্ডরেটকে অনুগ্রহ করে 9600 বলে সিলেক্ট করুন
 জিপিএস সিস্টেম পেজ পুরো হয়ে গেলেই অপারেটর সিস্টেম পেজ উঠে আসবে

প্যাকেট সিস্টেম ও অপারেটর সিস্টেম ইউসিএনওইসিএমপিক্লায়েন্ট)-এর বিভিন্ন পরাম্য

- প্রথমবার ক্লায়েন্টে লগইন করলে অপারেটরের বিবরণ সিস্টেমনাইজ করাটা বাধ্যতামূলক, এর জন্য অপারেটর/তস্বাবধায়ককে আধারে নিজের মোবাইল নম্বর নথিভুক্ত করাতেই হবে।
- দ্রষ্টব্য: যদি কোনও অপারেটর/তস্বাবধায়ক 10 দিন ধরে লগইন না-করে থাকেন, তাহলে আরও একবার অপারেটরের বিবরণ সিস্টেমনাইজ করতে হবে।
- অপারেটরের বিবরণ সিস্টেমনাইজ (সিস্টেম করার জন্য অপারেটর/তস্বাবধায়ককে অতি অবশ্যই মোবাইল নম্বর নথিভুক্ত করাতে হবে এবং সিস্টেম করার পর 10 দিন ধরে অপারেটর লগইন না-করলে আবার সিস্টেম করাতে হবে)



STEP

1


নথিভুক্তিকরণ ক্লায়েন্টে অপারেটর সিস্টেম পেজ ক্লিক করুন

নিরাদারনথিভুক্তকরণওআপডেটবোঝা




STEP 2

কী কী 'পেন্ডিংপ্যাকেট' আপলোড করতে হবে, সেগুলোর বিবরণ চেক করে নিন




STEP 3

'ফুলসিঙ্ক' ক্লিক করে 'অপারেটর সিঙ্ক' ক্লিক করতে হবে



STEP 4

'ফুল প্যাকেট সিঙ্ক' পুরো হয়ে গেলে কনফার্মেশন মেসেজ চেক করতে হবে



STEP

5


- 'অপারেটর সিন্ক'-এ ক্লিক করে সিন্কিং প্রক্রিয়া শুরু হওয়ার জন্য অপেক্ষা করুন
- প্রক্রিয়া সম্পূর্ণ হয়ে গেলেই OK (ওকে) ক্লিক করুন



STEP

6

- অপারেটরের নথিভুক্ত করিয়ে রাখা মোবাইল নম্বরে যে ওটিপি আসবে সেটা এন্টার করতে হবে
- প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য চোখ বা আঙুলের ছাপ দিয়ে কনফার্ম করুন



STEP

7


- কনফার্মেশন স্ক্রিন আসা অবধি অপেক্ষা করুন

যথা বিহিতভাবে ভর্তি করা নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্ম যাচাই করে দেখা



বৈধতা পরীক্ষকের দ্বারা আধার নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্ম যাচাই করে দেখা

- নথিপত্র ভিত্তিক নথিভুক্তিকরণের ক্ষেত্রে পরিচয়ের প্রমাণপত্র ও ঠিকানার প্রমাণপত্র হিসাবে যা যা সহায়ক নথিপত্র দেওয়া হবে, তার সঙ্গে মিলিয়ে দেখতে হবে যথাবিহিতভাবে ভর্তি করা আধার নথিভুক্তিকরণ/হালনাগাদের ফর্মটিকে।
- গৃহকর্তা/গৃহকর্ত্রীর মাধ্যমে নথিভুক্তিকরণের ক্ষেত্রে গৃহকর্তা/গৃহকর্ত্রীর নাম, আধার নম্বর ও নাম নথিভুক্ত করতে চাওয়া নাগরিকের সঙ্গে তাঁরকী সম্পর্ক সে সম্পর্কিত নথির বৈধতা পরীক্ষা করে দেখতে হবে আর সেগুলো যথাবিহিতভাবে আধার নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্মে উল্লেখ করা হয়েছে কিনা দেখে নিতে হবে
- 5 বছরের কম বয়সের শিশুর ক্ষেত্রে পরিচয়ের প্রমাণপত্র ও ঠিকানার প্রমাণপত্রের বৈধতা যাচাই করতে হবে না, কিন্তু তার জন্মের তারিখের প্রমাণপত্র, তার বাবাবামায়ের আধারনম্বর/ইআইডি-র বৈধতা যাচাই করে দেখতে হবে এবং এসবের উল্লেখ আধার নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্মে আছে কিনা তা দেখে নিতে হবে।
- ইন্সট্রোডিউসারের মাধ্যমে নথিভুক্তিকরণের ক্ষেত্রে আধার নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্মে ইন্সট্রোডিউসারের নাম ও আধার নম্বর উল্লেখ করতে হবে। নথিভুক্তিকরণ ক্লায়েন্ট ইন্সট্রোডিউসারের বিবরণ অতি অবশ্যই থাকতে হবে।
- নথিভুক্তিকরণ/হালনাগাদ ফর্মে নথিভুক্তিকরণের প্রার্থীর মোবাইলনম্বর দেওয়াটা বাধ্যতামূলক




সম্পূর্ণনাম

- নথিভিত্তিক তালিকাভুক্তির ক্ষেত্রে নাম রেকর্ড করার আগে বাসিন্দার দ্বারা উৎপাদিত পরিচয় দলিলগুলির মূল প্রফ (পিওআই) যাচাই করুন।
- বাসিন্দার নাম রেকর্ড করার সময় নিচে প্রদত্ত গাইডলাইনগুলি অনুসরণ করুন:
 - পুরো নামটি প্রবেশ করান - তার কাছ থেকে তার / তার আদ্যক্ষরগুলির সম্প্রসারণ নির্ধারণ করুন এবং এটি রেকর্ড করুন। উদাহরণস্বরূপ, বাসিন্দা বলতে পারেন যে তাঁর নাম 'ভি'। বিজয়ন তবে তাঁর পুরো নাম 'ভেক্ট্রমন বিজয়ন'।
 - মিঃ, মিস, মিসেস, মেজর, অবসরপ্রাপ্ত, ড। এর মতো নমস্কার বা উপাধি অন্তর্ভুক্ত করবেন না
 - কখনও কখনও নবজাতক এবং শিশুদের জন্ম তারিখের প্রমাণে উল্লেখ করা যায় না। সে ক্ষেত্রে দয়া করে বাসিন্দাকে স্বতন্ত্রের নাম ধারণের গুরুত্ব ব্যাখ্যা করে এবং নাম তালিকাভুক্তির ফর্মের মধ্যে উল্লিখিত নামটি ব্যবহার করে সন্তানের জন্য অভ্যুজ্ঞ নামটি সনাক্ত করার চেষ্টা করুন
 - পাঁচ বছরের কম বয়সী সন্তানের ক্ষেত্রে, পিওআই / পিওএ প্রয়োজন হয় না তবে ডিওবি প্রফে উল্লিখিত মাতার পিতামাতার মূল জন্মের প্রমাণ এবং আধার নম্বর



লিঙ্গ

- **M** মানে Male (পুরুষ)
- **F** মানে Female (মহিলা)
- **T** মানে Transgender (রূপান্তরকামী)




জন্মের তারিখ (DoB)

- জন্মের তারিখ যে-ঘরে দিতে হবে, সেখানে নাগরিকের জন্মের তারিখ লিখতে হবে দিন, মাস ও বছর উল্লেখ করে।
- নাগরিক যদি জন্মের তারিখের প্রামাণ্য নথি দিয়ে থাকেন, তাহলে **Verified** (যাচাই হয়েছে) বক্স চেক করে জন্মের তারিখের নথির জন্য প্রদত্ত ড্রপডাউনে নাগরিকের দেওয়া নথির নাম সিলেক্ট করতে হবে
- নাগরিক যদি জন্মের তারিখের কোনও প্রামাণ্য নথি না-দিয়ে থাকেন তাহলে জন্মের তারিখ উল্লেখ করে **Declared** (ঘোষিত) বক্স চেক করুন।
- নাগরিক যদি নিজের জন্মের পুঙ্খানুপুঙ্খ তারিখ না দিয়ে শুধুই নিজের বয়সের কথা উল্লেখ করেন, তাহলে এটায়ে-ঘরে উল্লেখ করতে হবে, সেই ধরে তা উল্লেখ করবে ন অপারেটর। সফটওয়্যার তখন নিজে নিজেই জন্মের সালটা হিসাব করে বের করে নেবে।



বাসস্থানের ঠিকানা ও ফোন-ইমেল ইত্যাদি নম্বর

- নাগরিক যদি C/O থাকা ঠিকানা দিয়ে থাকেন, তবে সেটাই এন্টার করুন
- নথিপত্র ভিত্তি কনথিভুক্তির ক্ষেত্রে নাগরিক ঠিকানার প্রমাণপত্র হিসাবে যে নথি জমা দেবেন, সেটাকে যাচাই করে দেখতে হবে।
- পিনকোড ও ল্যান্ডমার্ক সহ সম্পূর্ণ ঠিকানা এন্টার করতে হবে
- ধ্বনিতত্ত্ব ও অন্যান্য কারণে স্থানীয় ভাষা যলিপ্যন্তরকরণ ভুল হয়ে যেতে পারে, সেজন্য এগুলোকে নিজের বোধবুদ্ধি প্রয়োগ করে ঠিক করতে হবে এবং তা ঠিক
- ক হয়েছে কিনা নাগরিককে জিজ্ঞাসাকরে নিতে হবে।
- ঠিকানার প্রমাণপত্র হিসাবে যা যা নথি জমা দেওয়া যাবে, তার তালিকা থাকে ড্রপডাউনে, সেখানকার তালিকায় না-থাকা প্রমাণপত্র জমা দেওয়া হলে তা গ্রহণ করা হবেনা, তখন নাগরিককে বলতে হবে, য নথি জমা দিতে পারা যাবে, সেই নথি জমা দিতে। সে ক্ষেত্রে নাগরিক সেই অনুমোদিত নথি জমা না-দেওয়া পর্যন্ত তাঁর নাম নথিভুক্ত হবেনা।
- নথিভুক্তিকরণ/হালনাগাদের ফর্মে নাগরিকের মোবাইল নম্বর অতি অবশ্যই দিতে হবে। এর সঙ্গে নাগরিককে এ-ও বলতে হবে যে, তিনি যাতে নিজেই জেরইমে লআইডিটা ও দিয়ে দেন। কেননা এতে করে নিবিভিন্ন প্রকার আধারভিত্তিক পরিষেবা ব্যবহার করে স্টেটাস আপডেট পেতে থাকবেন।**



নাগরিকের সঙ্গে সম্পর্ক (শর্তসাপেক্ষ)

- এটা শুধুমাত্র গৃহকর্তা/গৃহকর্ত্রীর মাধ্যমে নথিভুক্তিকরণের ক্ষেত্রে প্রযোজ্য
- বাবা/স্বামী/অভিভাবক বা মা/স্ত্রী/অভিভাবকের নামকে উদিত্রে ও পারেন আবার না-ও দিতে পারেন, এটা যাঁর যাঁর ইচ্ছার ব্যাপার। যদি কেউ এমন কোনও তথ্য দিয়ে থাকেন, তাহলে সেটাকে নথিভুক্ত করে রাখতে হবে।
- যদি কোনও প্রাপ্তবয়স্ক এই তথ্যগুলো দিতেনা-চান, তাহলে **Relationship to Resident** (নাগরিকের সঙ্গে সম্পর্ক) -এর ঘরে **Not Given** (দেওয়া হয়নি) চেকবক্স সিলেক্ট করতে হবে।
- 5 বছরের কম বয়সের শিশুর ক্ষেত্রে তার বাবা বা মা/আম্মীর আধার নম্বর/ইআইডি দেওয়াটা বাধ্যতামূলক।





ব্যক্তকরণ

আধার (আর্থিকওঅন্যান্যভর্তুকি, লাভওপরিষেবাবিতরণেরলক্ষ্য) আইন 2016-রঅধীনস্বব্যক্তকরণ:

- এইব্যক্তকরণঅনুমায়ীনাগরিকনিজেরস্বাক্ষর/টিপসইদিমেছেনকিনাদেখতেহবে
- এইব্যক্তকরণেরকীপ্রভাবসেব্যাপারেনাগরিককেঅতিঅবশ্যইজানাতেহবে



অপারেটরওনাগরিকেরদ্বারাপর্যালোচনা

- অপারেটরকে তালিকাভুক্তি শেষ করার আগে অপারেটরকে অবশ্যই আবাসিককে সমালোচনামূলক ক্ষেত্রগুলি পড়তে হবে। অপারেটরকে অবশ্যই নীচে প্রদত্ত ক্ষেত্রগুলি পুনরায় নিশ্চিত করতে হবে:
 - নাগরিকেরনামেরবানান (বাধ্যতামূলক)
 - সঠিকলিঙ্গ(বাধ্যতামূলক)
 - সঠিকবয়স/জন্মেরতারিখ(বাধ্যতামূলক)
 - ঠিকানা – পিনকোড, বাড়ি, গ্রাম/শহর/নগর, জেলা, রাজ্য(বাধ্যতামূলক)
 - সম্পর্কেরবিবরণ – বাবা-মা/স্বামী-স্ত্রী/অভিভাবক, আত্মীয়েরনাম(বাধ্যতামূলক)
 - নাগরিকেরপরিষ্কারওসঠিকছবি(বাধ্যতামূলক)
 - মোবাইলনম্বর(বাধ্যতামূলক)
- ইমেলআইডি (ঐচ্ছিক)
- অপারেটরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে এনএ, এন / এ বা এনডি এর মতো কোনও পার্শ্ব ক্ষেত্রগুলিতে প্রবেশ করা হয়নি যার কোনও তথ্য নেই
- যে সব তথ্য দেওয়াটা বাধ্যতামূলক নয়, সেগুলো যদি নাগরিক না-দিখে থাকেন, তাহলে সেই তথ্যের জায়গাগুলোকে ফাঁকাই রেখে দিতে হবে।
- নথিভুক্তিকরণের আবেদনে থাকা সমস্ত তথ্য সম্পর্কে নাগরিকের থেকে নিশ্চয়তা নিয়ে নিতে হবে আর নথিভুক্তির কাজ পুরো শেষ করার আগে নাগরিককে দিয়ে স্থানীয় ভাষায় করা অনুবাদ যাচাই করিয়ে নিতে হবে।



অপারেটর/তস্বাবধায়ক/ইন্ডোডিউসার/গৃহকর্তা বা গৃহকর্ত্রীর সাইন অফ

- অপারেটর নিজের আঙুলের ছাপ দিয়ে প্রতিটি নথিভুক্তিকে সাইন অফ করবেন
- ব্যতিক্রমী বায়োমেট্রিকের ক্ষেত্রে তস্বাবধায়কের সাইন অফ সক্রিয় করে প্রদান করতে হবে।
- 5 বছরের কম বয়সী শিশু ক্ষেত্রে তার সঙ্গে যুক্ত বাবা বা মা/আত্মীয়ের বায়োমেট্রিক নিশ্চয়তা ক্যাপচার করতে হবে
- ইন্ডোডিউসার/গৃহকর্তা বা গৃহকর্ত্রীর মাধ্যমে নথিভুক্তিকরণের ক্ষেত্রে ইন্ডোডিউসার/গৃহকর্তা বা গৃহকর্ত্রীর বায়োমেট্রিক নিশ্চয়তা ক্যাপচার করতে হবে





প্রাপ্তিস্বীকার স্লিপের প্রিন্টিং

- অপারেটরকে ইআইডি (নথিভুক্তি আইডি) থাকা প্রাপ্তিস্বীকার স্লিপ বের করতে হবে অপারেটরকে
- এর কাউন্টার স্লিপে নাগরিককে স্বাক্ষর করে সেটা স্ক্যান করার জন্য অপারেটরকে দিয়ে দিতে হবে



প্রাপ্তিস্বীকার স্লিপের প্রিন্টিং

- নথিভুক্তিকরণ সম্পূর্ণ করার জন্য আধার নথিভুক্তিকরণ/শুদ্ধিকরণ ফর্ম, আসল সহায়ক নথিপত্র ও ইআইডি (নথিভুক্তিকরণ আইডি) থাকা স্বাক্ষরিত প্রাপ্তিস্বীকার স্লিপ স্ক্যান করতেই হবে
- সমস্ত নথিপত্র নাগরিককে ফেরত দিয়ে দিতে হবে সেগুলো অপারেটর নিজের কাছে রেখে দিতে পারবেন না



বায়োমেট্রিক ডেটা সংগ্রহ করার বিস্তারিত নির্দেশিকা

বায়োমেট্রিক ডেটা ক্যাপচার করার জন্য নথিভুক্তিকরণ এজেন্সিগুলিকে এসটিকিউসি সার্টিফায়েড বায়োমেট্রিক ডিভাইস ব্যবহার করতে হবে, যেমন আঙুলের ছাপ ও চোখের মণি ক্যাপচারের ডিভাইস। সার্টিফায়েড বায়োমেট্রিক ডিভাইসের তালিকা পাওয়া যাবে এসটিকিউসি-র ওয়েবসাইট <http://www.stqc.nic.in/>-

আঙুলের ছাপ ক্যাপচার

- আঙুলের ছাপ নিতে হবে এইভাবে- প্রথমে ডানহাতের চার আঙুলের ছাপ নিয়ে পরে বাঁহাতের চার আঙুলের ছাপ নিতে হবে। এরপর দু'হাতের বৃদ্ধা আঙুলের ছাপ নিতে হবে এক এক করে
- আঙুলের ছাপ ঠিক করে নেওয়ার জন্য বায়োমেট্রিক ডিভাইসের ওপর ঠিকভাবে আঙুলগুলো রাখতে হবে
- বায়োমেট্রিক ডিভাইসের ওপর সরাসরি যেন কোনও আলো না-পড়ে। আঙুল ঠিক ভাবে যাতে রাখতে পারা যায়, তার জন্য আঙুলের ছাপ নেওয়ার ডিভাইসে ইন্ডিকেটর ব্যবহার করতে হবে।
- বায়োমেট্রিক ডিভাইসের ওপর সঠিক দিক করে আঙুল রাখতে হবে
- বায়োমেট্রিক ডিভাইসের প্ল্যাটেনকে পরিষ্কার রাখার জন্য মাঝে মাঝে শন না-থাকা কাপড় দিয়ে মুছে যেতে হবে
- ডিভাইসে কোনও আঁচড়, সেগুলোতে ফোকাস না-থাকা ইমেজ ধরা পড়া বা ছবি পুরোপুরি আসছে না এধরনের নানা সমস্যা দেখা দিলে কি না তা দেখার জন্য মাঝে মাঝেই ডিভাইসগুলো দেখে নিতে হবে
- আহুলের ছাপ কাটা পড়লে, ভেজা/নোংরা আঙুলের ছাপ, খুব আলতো করে আঙুল রাখার ফলে আঙুলের ছাপের ছবি খুব ভাল ভাবে আসে না
- নাগরিকের হাত পরিষ্কার থাকতে হবে (কোনও কাদামাটি, তেলময়লা যেন না-থাকে) দরকার পড়লে নাগরিককে বলুন সাবান-জল দিয়ে হাত ধুয়ে নিতে
- আঙুলগুলো যাতে খুব বেশি শুকনো আর ভেজা না-থাকে
- ডিভাইসের ওপর আঙুলগুলো ভাল ভাবে যাতে বসে তার জন্য আর ভাল ভাবে যাতে সেই আঙুলগুলোর ছাপ আসে তার জন্য নাগরিককে বলতে হবে, তাঁরা যেন আঙুলের ছাপের স্ক্যানারে বাঁহাত/ডান হাতের সবক'টা আঙুল ভাল করে বসান।
- সবগুলো আঙুলই যেন একেবারে চ্যাপটা হয়ে বসানো হয় আর আঙুলের একেবারে ডগা অবধি যেন



বসানো হয় আঙুলের ছাপ নেওয়া স্ক্যানারে।

- নিজে নিজে ক্যাপচার না-হলে অপারেটর ডিভাইসের সবগুলো লাইট সবুজ না-হওয়া পর্যন্ত 4 বার পর্যন্ত ক্যাপচার হওয়ার জন্য চাপ দেবেন।
- ক্যাপচার না-হলে কী পদক্ষেপ করতে হবে, সম্পর্কিত ফিডব্যাক চেক করতে হবে অপারেটরকে। কী পদক্ষেপ করা যেতে পারে, সেরকম কিছু ফিডব্যাক দেওয়া থাকে স্টুওয়ারে। যেমন:
- যতগুলো আঙুলের ছাপ আসা দরকার, তার সবগুলো আসছে না
 - আঙুলগুলো ঠিকভাবে বসানো হয়নি
 - বেশি চাপ দেওয়া হয়েছে (ডিউটি সাইকেল)
 - খুব কম চাপ দেওয়া হয়েছে
 - মাঝের অংশটা নেই
 - খুব বেশি আর্দ্রতা (ভেজা ভাব)
 - খুব বেশি শুকনো
- দাঁড়িয়ে দাঁড়িয়ে আঙুলের ছাপ দিলে সবচেয়ে ভাল ছাপ পাওয়া যায়
- কারও যদি একহাতে পাঁচটার বেশি আঙুল থাকে, তাহলে আসল পাঁচটা আঙুলের ছাপ নিলেই চলবে
- আঙুলের ছাপ নেওয়ার সময় দেখতে হবে আঙুলগুলো যেন ঠিক ভাবে বসানো থাকে
- যদি কারও কোনও আঙুল না-থাকে তাহলে ব্যতিক্রমী ভাবে বায়োমেট্রিক হ্যান্ডলিং মেকানিজম অনুসরণ করতে হবে

কনীনিকার ছাপ নেওয়া

- ডান চোখ আর বাঁ চোখ সমান রেখে এমন ব্যবস্থা নিতে হবে যাতে চোখের মণি পুরো গোল হয়ে ধরা পড়ে
- পোর্টেট ফোটা নেওয়ার জন্য যেভাবে বসতে হয়, সেই রকমভাবে বসতে হবে, মানে শিরদাঁড়া সোজা করে।
- কনীনিকার ছবির গুণমান মেপে নিতে পারে স্টুওয়ার। কনীনিকার ছবি নেওয়ার সময় অপারেটর প্রথমেই ডিভাইসে একবার দেখে নিতে পারবেন যে, ছবিটা কেমন আসতে পারে। কনীনিকার ছবি যদি ভাল ভাবে না-আসার সম্ভাবনা দেখা দেয়, তখন স্টুওয়ারই বলে দেবে যে, এ ক্ষেত্রে কী পদক্ষেপ করতে হবে। স্টুওয়ার যে পদক্ষেপগুলো করার কথা বলে, সেগুলো হল:
 - অন্তর্ধৃতি (চোখের মণির গুরুত্বপূর্ণ অংশ দেখা যায় না)
 - কনীনিকা ফোকাসের বাইরে চলে গেছে
 - তাকানোর ভঙ্গিটা ভুল (নাগরিক অন্যদিকে তাকিয়ে আছেন)
 - চোখের মণির ছড়িয়ে পড়া
- আশেপাশের আলো পড়লে চোখের কনীনিকার ছবি তোলায় ক্ষেত্রে সমস্যা দেখা দেয়। নাগরিকের চোখে স্ট্রোক বা কৃত্রিম আলো না-পড়ে।
- ডিভাইসটাকে নড়াচড়া না-করার মত করে ধরে রাখতে হবে। যদি কোনও কারণে নাগরিককেই ডিভাইসটা ধরে রাখতে হয়, তাহলে অপারেটর/তত্ত্বাবধায়কই সেই ডিভাইসটা শক্তপোক্ত ধরে রাখার জন্য নাগরিককে সাহায্য করবেন।
- মুখের ছবি তোলায় সময় টেবিল লাইট জ্বালানো হয়ে থাকলে, কনীনিকার ছবি তোলায় সময় সেই লাইট বন্ধ করে রাখতে হবে
- সরাসরি সূর্যের আলো বা অন্য কোনও চড়া আলো নাগরিকের চোখে পড়লে প্রতিফলন তৈরি হবে, তার ফলে ছবির মান খারাপ হবে
- কনীনিকা ক্যাপচার করার সময় নাগরিককে সোজা ক্যামেরার দিকে তাকাতে, চোখ বড় বড় করে রাখতে, আর চোখ মিটমিট না-করার কথা বলবেন অপারেটর।
- কনীনিকা স্ক্যান ও ক্যাপচার করার সময় নাগরিকের অসুবিধা হলে অপারেটর পরবর্তী স্ক্রিনে চলে যাবেন, অন্যান্য বিবরণ ক্যাপচার করার জন্য, তারপর আবার কনীনিকা ক্যাপচার করার কাজে ফিরে আসবেন। এরকম করলে নাগরিক একটানা চোখ বড় বড় করে রাখার অসুবিধা থেকে রেহাই পাবেন।
- ক্যাপচারের সময় অপারেটরকে ধৈর্য ধরে থাকতে হবে, যতক্ষণ না ডিভাইস সাড়া দেয়, ততক্ষণ পর্যন্ত। তিনি যাতে ডিভাইসটা স্ক্রল



না-করেন, স্ক্রিন আগুপিছু না-করেন।

- কনীনিকা যেভাবে ক্যাপচার করা দরকার সেভাবে না-হলে অপারেটর আরও 4 বার চেষ্টা করবেন সঠিক ভাবে ক্যাপচার করার জন্য।

মুখের ছবি ক্যাপচার






- ভঙ্গি: মুখের ছবি তুলতে গিয়ে নাগরিককে ঠিক ভঙ্গিতে সঠিক দূরত্বে বসানোর চেষ্টা করবেন না, বরং তিনি ক্যামেরাটাকেই সঠিক দূরত্বে ও সঠিক ভঙ্গিতে রাখবেন। মুখের সামনের দিকের ছবি তুলতে হবে, মাথা ডানদিক-বাঁদিক বা ওপর-নীচ করা যাবে না।
- ফোকাস: ক্যাপচার ডিভাইসকে অটো ফোকাস ও অটো ক্যাপচার ফাংশনে রাখতে হবে। যে ছবিটা তোলা হবে, তা নড়াচড়া হওয়ার ফলে যেন ঝাপসা না-হয়, ছবিতে যাতে কম বা বেশি এক্সপোজার না-থাকে, অস্বাভাবিক রঙিন আলো যাতে না-থাকে আর রশ্মিগত কোনও বিকৃতি না-থাকে।
- ভাব: মুখের ভাব প্রকাশ করলে ক্যামেরা নিজে নিজে মুখটাকে শনাক্ত করতে পারে না আর যিনি ছবি তোলেন তিনিও দেখে ঠিক বুঝতে পারেন না যে, ছবিটা ঠিক কেমন আসবে। তাই একান্ত পরামর্শ এই যে, ছবি তোলার সময় মুখে যেন কোনও ভাব-ভঙ্গি (হাসি) না-থাকে, ঠোঁট বন্ধ থাকবে আর দু'চোখই খোলা থাকবে।
- আলো: কম আলো থাকলে মুখ ভাল করে শনাক্ত করা যায় না। কম আলো থাকলে অপারেটর ভাল করে বুঝতেই পারেন না যে, মুখের ভাব-ভঙ্গি কেমন আছে। তাই এমন ব্যবস্থা করতে হবে, যাতে আলোও পর্যাপ্ত মাত্রায় পাওয়া যায়, অথচ মুখে কোথাও কোনও ছায়াও নপড়ে, চোখের নীচে যাতে ছায়া না-পড়ে আর মুখের কোনও অংশ যাতে খুব বেশি উজ্জ্বল না হয়ে ওঠে। যাঁর ছবি তোলা হবে, তাঁর মাথার ওপর যাতে কোনও আলো রাখা না-হয়, কারণ এর ফলে ছায়া তৈরি হয়। চূড়া আলোর বদলে ঝাপসা আলো ব্যবহার করতে হবে আর যাঁর ছবি তোলা হবে, তাঁর মুখোমুখি আলো রাখতে হবে, যাতে চোখের নীচে কোনও ছায়া তৈরি না-হয়।
- চশমা: যদি কেউ চশমা ব্যবহার করে থাকেন, তাহলে চশমা ছাড়াই তাঁর ছবি তোলাটা ভাল।
- আনুষঙ্গিক উপকরণ: যাঁর ছবি তোলা হবে, তিনি হয়তো এমন কিছু পরে আছেন যার ফলে মুখের কোনও একটা অংশ ঢাকা পড়ে গেল, তাহলে সেটা খুলে ফেলতে হবে। কিন্তু পাগড়ি ইত্যাদির মত কোনও জিনিস যদি ধর্মীয় বা প্রথাগত কারণে কেউ পড়ে থাকলে, সেটা সহই ছবি তুলতে হবে।
- সফ্টওয়্যারে ঠিক যেভাবে ছবিটা আসতে হবে, সেই ভাবেই যাতে ছবিটা আনা যায়, সেটা করার জন্য অপারেটরকে প্রশিক্ষণ নিতে হবে।
- শিশুর ছবি তোলা হলে তাকে তার বাবা বা মায়ের কোলে বসিয়েই ছবি তুলতে হবে। তবে খেয়াল রাখতে হবে, শিশুর মুখের সঙ্গে তার বাবা বা মায়ের মুখের ছবি যাতে চলে না-আসে।
- যদি কোনও কারণে ভাল মত ছবি তোলা না-হয়, তাহলে কিছু পদক্ষেপ করতে হবে। কিছু কিছু পদক্ষেপ কোন পরিস্থিতিতে নিতে সেসব কথা সফ্টওয়্যারেই আছে। যেমন:
 - মুখ দেখা যাচ্ছে না
 - নাগরিক অনেক দূরে বসে আছেন (ইনপুট ইমেজে চোখের দূরত্ব 90-এর বেশি)
 - নাগরিক খুব কাছে বসে আছেন (ইনপুট ইমেজে দূরত্ব ছবির প্রস্থের এক-তৃতীয়াংশেরও বেশি অংশ জুড়ে আছে)
 - অবস্থান (সোজা তাকানো)
 - প্রয়োজনের তুলনায় কম আলো
 - মুখের মধ্যে কিছু একটার অভাব (মানুষের মুখ বলেই মনে হচ্ছে না)
 - ভঙ্গি (আউটপুট ইমেজে চিবুকের কোণ 11.5 ডিগ্রিরও কম)
 - অসম্মান আলো (আউটপুট ইমেজে)
 - ভুল প্রেক্ষাপট (আউটপুট ইমেজে)
 - পরিমাণের চেয়ে কম আলো (আউটপুট ইমেজে মুখের পরিসরে ধূসরতার মান বাজে)

ষষ্ঠ অধ্যায় **6**: ব্যতিক্রম পরিচালন ব্যবস্থা

ষষ্ঠ অধ্যায় 6: ব্যতিক্রম পরিচালন ব্যবস্থা

এমনও দেখা যেতে পারে যে, বিভিন্ন কারণে কোনও কোনও নাগরিক হয়তো সম্পূর্ণ ভাবে বায়োমেট্রিক দিতে পারছেন না। যেমন তাঁর হাতে/আঙুলে ক্ষত বা তাঁর হাত/আঙুল কাটা পড়েছে বা চোখের ক্ষেত্রেও এরকমই কিছু সমস্যা। এরকম ব্যতিক্রমী ক্ষেত্রে নীচের নির্দেশিকাগুলো মেনে চলতে হবে।

সমস্যা	আঙুলের ছাপ ক্যাপচারের ক্ষেত্রে ব্যতিক্রমী পরিচালন ব্যবস্থা	পরামর্শ
আঙুল নেই/কাটা পড়েছে/ব্যান্ডেজে বাঁধা		<ol style="list-style-type: none"> কী ধরনের ব্যতিক্রম তা স্টুডেন্টের স্পষ্ট ভাবে চিহ্নিত করতে হবে, ব্যতিক্রমটা কেমন, তার ছবিও দিতে হবে। বাকি আঙুলগুলোর ছাপ নিতে হবে। এসব করার আগে নাগরিককে জিজ্ঞাসা করে নিতে হবে যে, তিনি এসব করতে দিতে চান কি না।
সমস্যা	কনীনিকার ইমেজ ক্যাপচারের ক্ষেত্রে ব্যতিক্রমী পরিচালন ব্যবস্থা	পরামর্শ
কনীনিকার ইমেজ ক্যাপচার সম্ভব নয়		<ol style="list-style-type: none"> একটি চোখ বা দু'টি চোখই না-থাকলে, একটি চোখে বা দু'টি চোখেই ব্যান্ডেজ বাঁধা থাকলে/কোনও অঙ্গবিকৃতি বা রোগ থাকলে কনীনিকার ইমেজ ক্যাপচার সম্ভব না-হলে সেই কথাটা সিস্টেমে নথিবদ্ধ করে রাখতে হবে। এটা করার আগে এই পরিস্থিতির বিষয়ে নাগরিকের সম্মতি নিয়ে নিতে হবে।
সমস্যা	কনীনিকার ইমেজ ক্যাপচারের ক্ষেত্রে ব্যতিক্রমী পরিচালন ব্যবস্থা	পরামর্শ
ট্যারা/অন্য দিকে তাকানো চোখ		<ol style="list-style-type: none"> কী ধরনের ব্যতিক্রম তা স্টুডেন্টের স্পষ্ট ভাবে চিহ্নিত করতে হবে, ব্যতিক্রমটা কেমন তারও ছবি দিতে হবে। একটি কনীনিকায় কোনও সমস্যা থাকলে, দ্বিতীয় কনীনিকার ইমেজ ক্যাপচার করতে হবে। এটা করার আগে এই পরিস্থিতির বিষয়ে নাগরিকের সম্মতি নিয়ে নিতে হবে।



অধ্যায় 7: তালিকাভুক্তি অপারেটর / সুপারভাইজারের জন্য নির্দেশিকা তালিকাভুক্তি / আপডেটের মানের উপর

অধ্যায় 7: তালিকাভুক্ত অপারেটর / সুপারভাইজারের জন্য নরিদশেকি তালিকাভুক্তি / আপডেটের মানরে

নাগরিককে আধার কার্ড দেওয়ার আগে নতুন নথিভুক্তিকরণ ও হালনাগাদের সময় জনবিন্যাসগত বিবরণগুলোকে ভাল ভাবে যাচাই করে দেখে নিতে হবে আর এসবের সহায়ক নথিপত্রগুলোকেও স্ক্যান করতে হবে। সিস্টেমে খেসব ডেটা বা তথ্য ভরা হবে, সেগুলো যাতে সঠিক ও গুণমানসম্পন্ন হয়, সেইজন্যই এসব করতে হয়।

প্রক্রিয়া ও ডেমা এর সৃষ্টিকারী নথিভুক্তিকরণ মানদণ্ডের মাপকাঠি

- কর্তৃপক্ষ নির্দেশিত মানদণ্ডের মাপকাঠি মেনে চলতে হবে নথিভুক্তিকরণ অপারেটর/তস্বাবধায়ককে এবং তাঁদের কাজ হবে এখেবারে সঠিক ভাবে জনবিন্যাসগত ও বায়োমেট্রিক বিবরণ ক্যাপচার করা।
- কোনও আর্থিক সমস্যায় যাতে পড়তে না-হয় বা কর্তৃপক্ষের স্ল্যাকলিস্টে যাতে যেতে না-হয়, তার জন্য ভুলত্রান্তি এডিয়ে চলতে হবে তাঁদেরকে।
- নথিভুক্তিকরণ/হালনাগাদের সময় কোনও ভুল করলে অপারেটরকে স্ল্যাকলিস্টে চলে যেতে হবে, ফলে এর পরে আর কখনওই তিনি নথিভুক্তিকরণ/হালনাগাদের কাজ করতে পারবেন না।

নথিভুক্তিকরণ ও হালনাগাদের জন্য মানদণ্ড যাচাই

ক্ষেত্র	করণীয় ও অকরণীয়
নাম	নাগরিক খেসব প্রামাণ্য নথি জমা দেবেন, সেগুলোতে নাম ঠিক আছে কি না তা ভাল করে যাচাই করে নিতে হবে। আজেবাজে কোনও জিনিস যোগ করা যাবে না আর অসাংবিধানিক কোনও ভাষা ব্যবহার করা যাবে না। এরকম করলে অপারেটর স্ল্যাকলিস্টে চলে যেতে পারেন। নামের আগে কোনও উপাধি বা সম্মানসূচক নাম বসানো যাবে না। খেসম শ্রী, শ্রীমতী, কুমারী, ডা. ড. ইত্যাদি। এরকম কিছু থাকলে নথিভুক্তিকরণ বাতিল হয়ে যাবে। ইংরেজিতে যে নাম থাকবে, তার সঙ্গে স্থানীয় ভাষার লিপ্যন্তরকরণে লেখা নামের মিল থাকতে হবে।
লিঙ্গ	ব্যক্তির সঠিক লিঙ্গ পরিচয় উল্লেখ করতে হবে।
বয়স	যদি কেই যাচাই হওয়া জন্মের তারিখ দিয়ে তার সপক্ষে নথিপত্র পেশ করে থাকেন, তাহলে সেই নথি অনুযায়ী একেবারে সঠিক ভাবে জন্মের তারিখ উল্লেখ করতে হবে।
ঠিকানা	নাগরিকেরা প্রমাণ হিসাবে যে নথি জমা দেবেন, তাতে থাকা ঠিকানা মিলিয়ে ভাল ভাবে যাচাই করে নিতে হবে নথিভুক্তিকরণ অপারেটরকে। আজেবাজে কোনও জিনিস যোগ করা যাবে না আর অসাংবিধানিক কোনও ভাষা ব্যবহার করা যাবে না। এরকম করলে অপারেটর স্ল্যাকলিস্টে চলে যেতে পারেন। ইংরেজিতে যে নাম থাকবে, তার সঙ্গে স্থানীয় ভাষার লিপ্যন্তরকরণে লেখা নামের মিল থাকতে হবে। ঠিকানা সম্পূর্ণ নিতে হবে, ঠিকানায় এই বিবরণগুলো থাকতে হবে- বাড়ির নম্বর/নাম, পাড়া, রাস্তা, নগর/শহর/গ্রাম, পিন কোড ইত্যাদি।
ছবি	ইউআইডিএআই প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী সঠিক ভাবে নাগরিকের ছবি তুলতে হবে।

ছবি খুব বেশি অন্ধকার আর খুব বেশি উজ্জ্বল হলে চলবে না।
ছবিতে নাগরিকের মুখ স্পষ্ট থাকতে হবে আর সহজেই যাতে তাঁকে চেনা যায়।

প্রক্রিয়াগত ভুল

নাগরিকের ছবি তোলা	<p>নীচে যেগুলোর উল্লেখ আছে সেগুলো থেকে যাতে ছবি না-নেওয়া হয় সে দিকে খেয়াল রাখতে হবে নথিভুক্তিকরণ অপারেটর/তস্বাবধায়ককে:</p> <ul style="list-style-type: none"> • ছবির হার্ড কপি (পাসপোর্ট ছবি ইত্যাদি) • মনিটরে থাকা ছবি • মোবাইল ডিভাইসের ছবি • পত্রিকা/খবরের কাগজ/বই/পোস্টারের ছবি <p>ছবি স্পষ্ট হতে হবে, ঝাপসা হলে চলবে না। ছবি তোলার সময় পর্যাপ্ত আো থাকতে হবে।</p>
নাগরিকের জনবিন্যাসগত বিবরণ নেওয়া	নথিভুক্তিকরণ অপারেটর/তস্বাবধায়ককে খেয়াল রাখতে হবে যে, অসাংবিধানিক/আক্রমণাত্মক ভাষা যেন ব্যবহার করা না-হয়।
নথিপত্র যাচাই করা	<p>প্রমাণ হিসাবে নাগরিক যেসব নথি জমা দেবেন, সেগুলো যাচাই করবেন নথিভুক্তিকরণ অপারেটর/তস্বাবধায়ক আর তাঁকে নীচের বিষয়গুলি খেয়াল রাখতে হবে:</p> <ol style="list-style-type: none"> 1. প্রমাণ হিসাবে যেসব নথি দেওয়া হয়েছে, সেখানে উল্লিখিত নাম, ঠিকানা, জন্মের তারিখ যেন ফর্মে উল্লিখিত তথ্যগুলির সঙ্গে মিলে যায়। 2. অনুমোদিত নথিপত্রের যে-তালিকা ইউআইডিএআই-এর পক্ষ থেকে দেওয়া হয়েছে, সেই তালিকা অনুযায়ী নথিপত্রই জমা নেওয়া হবে। 3. নথিপত্রগুলো পুরো স্ক্যান করতে হবে, যাতে সমস্ত বিবরণ স্পষ্ট ভাবে ধরা পড়ে। 4. প্রমাণ হিসাবে কোনও জাল/কৌশলে রদবদল করা নথি নেওয়া হবে না। 5. প্রামাণ্য নথিগুলিকে এমন ভাবে স্ক্যান করতে হবে, যাতে সেই স্ক্যান করা নথিগুলি স্পষ্ট থাকে আর পড়তে পারা যায়। <p>1. ক্লায়েন্টে যে নথির নাম সিলেক্ট হবে, সেটার সঙ্গে জমা দেওয়া নথি মিলতে হবে।</p>

নথিপত্রের ভুল - সচরাচর যেসব কারণে বাতিল হয়

1 বেশির ভাগ নথিভুক্তির আবেদন বাতিল হয় কারণ নাগরিকেরা অসিদ্ধ নথিপত্র জমা দেন।

2 কারও নাম নথিভুক্ত করার আগে তাঁদের জমা দেওয়া নথিপত্রগুলিকে ভাল ভাবে যাচাই করে নেওয়ার দায়িত্ব নথিভুক্তিকরণ কেন্দ্রে থাকা পর্যবেক্ষকদের। অসিদ্ধ নথিপত্র জমা দেওয়ার ফলে সাধারণত মূল যেসব কারণে নথিভুক্তিকরণের আবেদন বাতিল তা নীচে উল্লেখ করা হল।

নথিপত্রের ভুল

বাতিল করার কারণ


অবৈধ দস্তাবেজ



- অনুমোদিত নথির তালিকায় না-থাকা কোনও নথি পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে স্বীকৃত হলে তা বাতিল হয়।
- পরিচয়পত্র যে প্রমাণপত্রে নাম/ছবি থাকে না, সেটা বাতিল হয়।
- যেমন, একমাত্র সেই রেশন কার্ডকেই পরিচয়ের প্রমাণপত্র হিসাবে জমা নেওয়া হবে, যার মধ্যে নাগরিকের নাম ও ছবি থাকে।
- পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে স্বীকৃত হওয়া আধার কার্ড/চিঠি বাতিল হবে।
- অনুমোদিত তালিকা অনুযায়ী অধিকারপ্রাপ্ত কোনও ব্যক্তি যদি কোনও শংসাপত্র কোনও নাগরিককে দেন, তাহলে সেই শংসাপত্রে সেই নাগরিকের ছবি অবশ্যই থাকতে হবে আর যিনি শংসাপত্র দিচ্ছেন, তাঁর মোহর সহ স্বাক্ষর থাকতেই হবে। নাহলে সেই শংসাপত্র বাতিল হয়ে যাবে।
- পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে গাঁথে দেওয়া নথির যদি মেয়াদ ফুরিয়ে গিয়ে থাকে, তাহলে সেটা বাতিল হবে।
- ঠিকানার প্রমাণপত্র হিসাবে ভোটার পরিচয় পত্র জমা দেওয়া হলে সেই পরিচয়পত্রের দু'টো দিকই স্বীকৃত করতে হবে, নাহলে তা বাতিল হবে।

নথিপত্র সংক্রান্ত ত্রুটির প্রকার

নথিপত্র সংক্রান্ত ত্রুটি বিভিন্ন প্রকারের হতে পারে, এসব সম্পর্কে তালিকাভুক্তিকরণ অপারেটরকে সজাগ থাকতে হবে। নথিপত্র সংক্রান্ত ত্রুটিগুলো হল:

নথিপত্র সংক্রান্ত ত্রুটির প্রকার	বিবরণ
<p>নথিপত্র অনুমোদিত তালিকা অনুযায়ী নেই</p> 	<p>নথিপত্রের অনুমোদিত তালিকা দেখে দেখে আপলোড করা নথিপত্রগুলোকে পরীক্ষা করে দেখে নিতে হবে অপারেটরকে। অনুমোদিত নথিপত্রের তালিকায় না-থাকা কোনও নথিপত্র যদি অপারেটর জমা নিয়ে থাকেন, তাহলে সেটা এই প্রকার ত্রুটি হিসাবে বাতিল হয়ে যাবে— নথিপত্র সংক্রান্ত ত্রুটি। নিম্নলিখিত প্রকারের নথিপত্রের ভিত্তিতে সাব-এরর হবে:</p> <ul style="list-style-type: none"> • পিওআই (পরিচয়ের প্রমাণপত্র) • পিওএ (ঠিকানার প্রমাণপত্র) • পিওআর (সম্পর্কের প্রমাণপত্র) • ডিওবি (জন্মের তারিখ)

নিরআধারনথিভুক্তকরণওআপডেটবোঝা

POI document for Resident: Electricity Bill (not older than 3 months)

ধরা যাক, কোনও অপারেটর পরিচয়ের প্রমাণপত্র হিসাবে ভুল নথি আপলোড করেছে, তখন সেটা পিওআই উপ প্রকার হিসাবে বাতিল হবে।

কী ভাবে এই ক্রটি এড়ানো যায়

বাসিন্দা যদি পরিচয়ের প্রমাণপত্র হিসাবে সঠিক নথি দিয়ে থাকেন, তাহলে অপারেটরকে এটা পরীক্ষা করে দেখতে হবে যে প্রামাণ্য নথির সঙ্গে জনসংখ্যা বিষয়ক তথ্য মিলছে কি না।

নথিপত্র সংক্রান্ত ক্রটির প্রকার

বিবরণ

অনুপস্থিত দস্তাবেজ

বাসিন্দা প্রয়োজনীয় নথিপত্র জমা না-দিয়ে থাকলে বা তালিকাভুক্তি অপারেটর জমা পড়া নথিপত্রকে আপলোড করতে ভুলে গেলে এই ক্রটি হয়।

কী ভাবে এই ক্রটি এড়ানো যায়

প্যাকেট জমা দেওয়ার আগে নথিপত্রগুলোকে অবশ্যই আপলোড করতে হবে।

নথি ক্রটি প্রকার

নথিপত্রের নাম মলিছে না



বিবরণ

অনুমোদিত নথিপত্রের তালিকা অনুযায়ী নথিপত্র না-মেলা সংক্রান্ত ক্রটির ক্ষেত্রে যা করতে হয়, ঠিক সেভাবেই অপারেটরকে সমস্ত প্রামাণ্য নথি পরীক্ষা করে দেখতে হবে।

দ্রষ্টব্য: বর্তমানে এই প্রকারের নথিপত্র সংক্রান্ত ক্রটিকে গুণমান পরীক্ষা প্রক্রিয়ায় ব্যবহার করা হচ্ছে না।

নথি ক্রটি প্রকার

ডেমোগ্রাফিক ডেটা মেলনি



বিবরণ

অপারেটরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, প্যাকেটে থাকা বাসিন্দার তথ্যগুলো পরিচয়ের প্রমাণপত্র, ঠিকানার প্রমাণপত্র বা জন্মের তারিখ হিসাবে জমা হওয়া নথিপত্রে থাকা তথ্যের সঙ্গে একেবারে সঠিক ভাবে মিলছে। নাহলে এই ধরনের ক্রটি গুণমান পরীক্ষা প্রক্রিয়ার সময়ে শনাক্ত হয়ে যাবে।

নথি ক্রটি প্রকার

খারাপ মানের নথি



বিবরণ

অপারেটরকে এটা অবশ্যই নিশ্চিত করতে হবে যে, আপলোড হওয়া নথিপত্র স্পষ্ট আছে এবং তাতে থাকা তথ্যগুলো পড়া যাচ্ছে।

নথি ক্রটি প্রকার

স্বাক্ষর করা চিত্র আসল নয়



বিবরণ

বাসিন্দা যদি আসল নথির বদলে সেই নথির জেরক্স কপি জমা দেন, তাহলে তালিকাভুক্তিকরণ অপারেটর সেটা কোনও মতেই যেন জমা না-লেন। তিনি যদি এরকম কোনও নথি জমা নিয়ে লেন, তাহলে এই প্রকার ক্রটি হবে।

দ্রষ্টব্য: বর্তমানে এই প্রকারের নথিপত্র সংক্রান্ত ক্রটিকে গুণমান পরীক্ষা প্রক্রিয়ায় ব্যবহার করা হচ্ছে না।

নথি ক্রটি প্রকার

বিবরণ

ভুলো নথি



নথিপত্র জমা নেওয়ার সময় অপারেটরকে খুব সাবধান হতে হবে। প্রামাণ্য নথির অংশ হিসাবে অন্য আরেক জন বাসিন্দার নথি আপলোড হয়ে গেলে এই ক্রটি হতে বাধ্য।

দ্রষ্টব্য: পরিশিষ্ট পি দেখুন - গুণমান পরীক্ষার তালিকার জন্য তালিকাভুক্ত অপারেটরগুলির জন্য মান নির্দেশিকা সেট।

এনরোলমেন্ট অপারেটরদের সাধারণ ক্রটি

নথিভুক্তিকরণ অপারেটররা সচরাচল যে-ভুলগুলি করে থাকেন, সেগুলো নীচে উল্লেখ করা হল। প্রত্যেক অপারেটরকে এসব এড়িয়ে চলার জন্য সাবধানে থাকতে হবে।

পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে নথিভুক্তিকরণ স্লিপ/আধার কার্ড গেঁথে দেওয়া হলে: কিউসি-তে বাতিল হয়ে যাবে অসিদ্ধ নথি হিসাবে।

পরিচয়/ঠিকানা/জন্মের প্রমাণপত্র হিসাবে নথিভুক্তিকরণ স্লিপ/আধারকে যেন গেঁথে না-দেন নথিভুক্তিকরণ অপারেটররা। এগুলো সিদ্ধ প্রমাণপত্র নয়, তাই কিউসি বা কোয়ালিটি চেকের সময় এগুলো বাতিল হয়ে যাবে। আবার ভুল নথি আপলোড করার দায়ে অপারেটর হয়তো ব্ল্যাকলিস্টে চলে যেতে পারেন।

অসিদ্ধ নথি: পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে আধার চিঠি সিদ্ধ নয়, তাই এটা অসিদ্ধ নথি হিসাবে বাতিল হয়ে যাবে।

নথিভুক্তিকরণের সময় নথিভুক্তিকরণ অপারেটরকে খেয়াল রাখতে হবে যে, ইউআইডিএআই প্রদত্ত অনুমোদিত নথিপত্রের তালিকায় না-থাকা কোনও নথিকেই যাতে পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র/সম্পর্কের প্রমাণপত্র/জন্মের প্রমাণপত্র হিসাবে গ্রহণ ও স্ক্যান করা না-হয়। যে-তারিখে নথি নেওয়া হচ্ছে, সেই তারিখ অবধি বা তার আগে অবধি যেন সেই নথি বৈধ থাকে। অসিদ্ধ নথি জমা নিলে অপারেটরের শাস্তি হতে পারে আর তাঁকে ব্ল্যাকলিস্টেও ফেলা হতে পারে।

অসিদ্ধ নথি: ভোটার পরিচয় পত্রের শুধু একটি দিক স্ক্যান করা কপিকে অসিদ্ধ নথি বলে ধরে নেওয়া হবে। অপারেটরকে খেয়াল রাখতে হবে, ভোটার পরিচয় পত্রের দু'টো দিকই যেন স্ক্যান করা

কোয়ালিটি চেকের সময় ধরা পড়েছে যে, নথিভুক্তিকরণ অপারেটররা ভোটার পরিচয়পত্রকে ঠিকানার প্রমাণপত্র হিসাবে গ্রহণ করার সময় সচরাচর একটি ভুল করে থাকেন, তা হল সেই পরিচয়পত্রের শুধু একটি দিক স্ক্যান করা। আসলে দু'টো দিকই স্ক্যান করা উচিত। ভোটার পরিচয় পত্রের দু'টি দিকই স্ক্যান করা না-হলে নথিভুক্তিকরণ বাতিল হয়ে যাবে।

হয়।

অসিদ্ধ নথি: নাগরিকের নাম ও ছবি ছাড়াই যদি কোনও শংসাপত্রদেয়গ্রামপ্রধান/মোডেল, তাহলে তা অসিদ্ধ নথি বলে বিবেচিত হবে।

পরিচয়ের প্রমাণপত্র/ঠিকানার প্রমাণপত্র হিসাবে যখন কোনও শংসাপত্র দেন গ্রামপ্রধান/মোডেল, তখন নথিভুক্তিকরণ অপারেটরকে দেখে নিতে হবে যে, সেটাতে নাগরিকের প্রত্যয়িত ছবি যেন অবশ্যই থাকে, আর যিনি শংসাপত্র দিয়েছেন, তাঁর মোহর সহ স্বাক্ষরও যেন থাকে। সেই শংসাপত্রে ছবি না-থাকলে সেটাকে অসিদ্ধ বলে বিবেচনা করে বাতিল করা হবে।

লিপ্যন্তরকরণে ভুল: ইংরেজি ও স্থানীয়ভাষায়থাকাজনবিন্যাস গত বিবরণ আলাদা আলাদা।

নাগরিকের জনবিন্যাসগত বিবরণ এন্টার করার সময় অপারেটরকে সজাগ থাকতে হবে। ক্যাম্প লক সুইচ অন থাকলে লিপ্যন্তরকরণের দিকে নজর দিতে হবে। অপারেটরকে খেয়াল রাখতে হবে যে, ইংরেজি ও স্থানীয় ভাষায় জনবিন্যাসগত বিবরণ যেন একই থাকে। নাহলে সেই নথিভুক্তিকরণ বাতিল হয়ে যাবে।

পরিচয়ের প্রমাণপত্র:
পরিচয়ের প্রমাণ পত্রে
নাগরিকের নামের সঙ্গে ওরফে থাকলে

পরিচয়ের প্রমাণপত্র হিসাবে কোনও নথি জমা নেওয়ার সময় অপারেটরকে খেয়াল রাখতে হবে যে, সেটার মধ্যে যাতে নাগরিকের নামের সঙ্গে তাঁর ওরফে নাম না-থাকে। এমন নথি কোয়ালিটি চেকের সময় বাতিল হয়ে যায়। নথিভুক্তিকরণ ফর্মে যে-নাম দেওয়া থাকবে, সেই একটা নামই পরিচয়ের প্রমাণপত্রে থাকতে হবে।

ছবির সঙ্গে বয়সের অমিল:
নাগরিকের ছবি আর বয়সের মিল থাকতে হবে

জন্মের তারিখ ঘোষিত ভাবে দেওয়া হলে, নাগরিকের জন্মের সাল যাচাই করার দিকে বিশেষ খেয়াল রাখতে হবে। বিশেষ করে শিশুদের ক্ষেত্রে ঘোষিত জন্মের তারিখ এন্টার করার আগে তার বাবা-মাকে জিজ্ঞাসা করে নিতে হবে।



অষ্টম অধ্যায় **8**: নিয়ম লঙ্ঘন ও শাস্তি

অষ্টম অধ্যায় ৪: নয়িম লঙ্ঘন ও শাস্তি

আধার আইন ও বিধানের চোখে নিয়ম লঙ্ঘন ও তার শাস্তি

ছাপ নেওয়ার ক্ষেত্রে ভুলের শাস্তি	
নিয়ম লঙ্ঘন	শাস্তি
ভুল জনবিন্যাসগত তথ্য বা বায়োমেট্রিক তথ্য দিয়ে নিজের ভূয়ো পরিচয় দেওয়ার অথবা জীবিত বা মৃত, প্রকৃত বা কাল্পনিক ব্যক্তির পরিচয় গ্রহণ করে নিজের ভূয়ো পরিচয় দেওয়ার চেষ্টা করলে	<ul style="list-style-type: none"> 3 বছরের কারাদণ্ড বা টাকা পর্যন্ত জরিমানা দুই-ই
কোনও আধার নম্বর ধারকের ক্ষতি করার জন্য বা তাঁকে ঝামেলায় ফেলার জন্য তাঁর পরিচয় বদলে ফেললে কিংবা জনবিন্যাসগত বা বায়োমেট্রিক তথ্য পালটে দিয়ে তাঁর ভূয়ো পরিচয় তুলে ধরলে বা কোনও জীবিত বা মৃত, প্রকৃত বা কাল্পনিক কোনও ব্যক্তির নাম দিয়ে তাঁর ভূয়ো পরিচয় তুলে ধরলে	<ul style="list-style-type: none"> নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা 3 বছর অবধি হতে পারে ও জরিমানা, যা 10,000 টাকা পর্যন্ত হতে পারে
আধার আইন অনুযায়ী পরিচয় সংক্রান্ত তথ্য সংগ্রহ করার অধিকার যার নেই, তিনিই যদি ছলনা করে এসব সংগ্রহ করেন	<ul style="list-style-type: none"> নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা 3 বছর অবধি হতে পারে ও জরিমানা, যা 10,000 টাকা পর্যন্ত হতে পারে কোম্পানির ক্ষেত্রে এই জরিমানার পরিমাণ 1 লক্ষ টাকা পর্যন্ত হতে পারে বা কারাদণ্ড ও জরিমানা দুই-ই একসঙ্গে প্রযোজ্য হতে পারে।



পরিচয় সংক্রান্ত তথ্য প্রকাশ করার দায়ে শাস্তি	
নিয়ম লঙ্ঘন	শাস্তি
এই আইন বা এর জন্য তৈরি বিধান বা এই আইনকে চালু রাখার জন্য তৈরি চুক্তি ও ব্যবস্থা অনুযায়ী যাদের নথিভুক্তিকরণের সময় সংগ্রহ করা পরিচয়ভঙ্গক তথ্য দেওয়া যায় না, যাদের কাছে পাঠানো যায় না বা যাদেরকে এসবের কপি দেওয়া যায় না, যাদের মধ্যে এসব বিলি করা যায় না, তাদেরকেই যদি কেউ ইচ্ছাকৃত ভাবে এইসব দিয়ে দেয়, তবে	<ul style="list-style-type: none"> নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা 3 বছর অবধি হতে পারে ও জরিমানা, যা 10,000 টাকা পর্যন্ত হতে পারে কোম্পানির ক্ষেত্রে এই জরিমানার পরিমাণ 1 লক্ষ টাকা পর্যন্ত হতে পারে বা কারাদণ্ড ও জরিমানা দুই-ই একসঙ্গে প্রযোজ্য হতে পারে।





অধিকার বহির্ভূত ভাবে সিআইডিআর-এ ঢোকান শাস্তি



নিয়ম লঙ্ঘন	শাস্তি
<p>কর্তৃপক্ষের দ্বারা অধিকার প্রাপ্ত নয়, এমন ব্যক্তি যদি ইচ্ছাকৃত ভাবে:</p> <p>a. সেন্ট্রাল আইডেন্টিটিজ ডেটা রিপোজিটরি (সিআইডিআর)-এ ঢুকে পড়েন বা ঢোকান উপায় বের করে নেন</p> <p>b. সিআইডিআর বা স্থানান্তরযোগ্য স্টোরেজ মিডিয়ামে মজুত থাকা কোনও ডেটা ডাউনলোড করে নেন, সেগুলোর কপি বের করেন বা সেগুলো নিষ্কাশন করেন</p> <p>c. এমন কাজ করলেন যে তার জন্য সিআইডিআর-এ ভাইরাস বা অন্য যে কোনও ধরনের কম্পিউটার দূষণ ঢুকে গেল বা তা ঢুকে যাওয়ার মত পরিস্থিতি তৈরি হল</p> <p>d. সিআইডিআর-এর তথ্য নষ্ট হয়ে গেল বা সেরকম পরিস্থিতি তৈরি হল</p> <p>e. সিআইডিআর থেকে তথ্য নেওয়ার ক্ষেত্রে ব্যাঘাত সৃষ্টি করলে বা সেরকম একটা পরিস্থিতি তৈরি করে দিলেন</p> <p>f. এমন কাজ করলেন যে, সিআইডিআর-এ ঢোকান যাঁর অধিকার আছে, তিনিই ঢুকতে পারছেন না, বা তেমন একটা পরিস্থিতি তৈরি করে দিলেন</p> <p>g. ধারা 28-এর উপধারা (5) লঙ্ঘন করে কোনও তথ্য প্রকাশ করে দিলেন বা ধারা 29 লঙ্ঘন করে কোনও তথ্য কাউকে দিয়ে দিলেন, ব্যবহার করলেন বা সর্বসমক্ষে প্রকাশ করে দিলেন বা এরকম যে কোনও একটি কাজে কাউকে সাহায্য করলেন</p> <p>h. স্থানান্তরযোগ্য যে কোনও স্টোরেজ মিডিয়া বা সিআইডিআর-এ মজুত কোনও তথ্য নষ্ট করে দিলেন, মুছে দিলেন বা পালটে দিলেন বা অন্য যে কোনও উপায়ে এই তথ্যের মূল্যকে কমিয়ে দিলেন এর উপযোগিতা নষ্ট করে দিলেন বা খুব বাজে ভাবে ক্ষতিগ্রস্ত করলেন বা</p> <p>i. কোনও ক্ষতি করার উদ্দেশ্য নিয়ে কর্তৃপক্ষের ব্যবহার করা কোনও কম্পিউটার সোর্স কোড চুরি করলে, লুকিয়ে রাখলে, নষ্ট করে দিলে, পালটে দিলে বা এসব কাজে কাউকে কোনও সাহায্য করলে</p>	<ul style="list-style-type: none"> নির্দিষ্ট সময়সীমা পর্যালোচনা কারাদণ্ড, তা 3 বছর অবধি হতে পারে ও জরিমানা, যা 10 লক্ষ টাকার কম হবে না



সিআইডিআর-এর কোনও তথ্য নষ্ট করার শাস্তি



নিয়ম লঙ্ঘন	শাস্তি
<p>কর্তৃপক্ষের দ্বারা অধিকারপ্রাপ্ত নয়, এমন ব্যক্তি আধার নম্বর ধারকের তথ্য কিস্তি রদবদল করার এবং তার থেকে কোনও তথ্য বের করার উদ্দেশ্য নিয়ে সিআইডিআর বা স্থানান্তরযোগ্য কোনও স্টোরেজ মিডিয়ামে থাকা তথ্য নষ্ট করলে</p>	<ul style="list-style-type: none"> নির্দিষ্ট সময়সীমা পর্যালোচনা কারাদণ্ড, তা 3 বছর অবধি হতে পারে ও জরিমানা, যা 10,000 টাকা পর্যন্ত হতে পারে



এন্টিটির আবেদনের মাধ্যমে অনধিকার ভাবে কিছু ব্যবহার করার শাস্তি



এন্টিটির আবেদনকারী হিসাবে ধারা ৪-এর উপধারা (৩)-এর নিয়ম লঙ্ঘন করে কোনও ব্যক্তির পরিচয়ভঙ্গক তথ্য ব্যবহার করলে

নিয়ম ভঙ্গ

শাস্তি

- নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা ৩ বছর অবধি হতে পারে ও
- জরিমানা, যা ১০,০০০ টাকা পর্যন্ত হতে পারে
- কোম্পানির ক্ষেত্রে এই জরিমানার পরিমাণ ১ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে বা কারাদণ্ড ও জরিমানা দুই-ই একসঙ্গে প্রযোজ্য হতে পারে।



জ্ঞাপন সংক্রান্ত প্রয়োজনীয়তার সামুজ্য রাখতে না-পারার শাস্তি



নথিভুক্তিকরণ এজেন্সি বা আবেদনকারী এন্টিটি হয়েও যদি কেউ ধারা ৩-এর উপধারা (২) ও ধারা ৪-এর উপধারা (৩) অনুযায়ী প্রয়োজনের সঙ্গে সামুজ্য রাখতে না-পারে

নিয়ম ভঙ্গ

শাস্তি

- নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা ১ বছর অবধি হতে পারে ও
- জরিমানা, যা ১০,০০০ টাকা পর্যন্ত হতে পারে
- কোম্পানির ক্ষেত্রে এই জরিমানার পরিমাণ ১ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে বা কারাদণ্ড ও জরিমানা দুই-ই একসঙ্গে প্রযোজ্য হতে পারে।



সাধারণ শাস্তি



এই আইন বা অন্য যে কোনও নীতি ও বিধানের অধীনস্থ এমন কোনও নিয়ম কেউ লঙ্ঘন করল, যে নিয়ম লঙ্ঘনের নির্দিষ্ট কোনও শাস্তির কথা এই ধারার বাইরে আর কোথাও উল্লেখ করা নেই।

নিয়ম লঙ্ঘন

শাস্তি

- নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কারাদণ্ড, তা ১ বছর অবধি হতে পারে ও
- জরিমানা, যা ১০,০০০ টাকা পর্যন্ত হতে পারে
- কোম্পানির ক্ষেত্রে এই জরিমানার পরিমাণ ১ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে বা কারাদণ্ড ও জরিমানা দুই-ই একসঙ্গে প্রযোজ্য হতে পারে।



কোম্পানির দ্বারা নিয়ম লঙ্ঘন



নিয়ম লঙ্ঘন

এই আইনের কোনও নিয়ম যদি কোনও কোম্পানি লঙ্ঘন করে, তবে সেই নিয়ম লঙ্ঘনের সময় কোম্পানিটির দায়িত্বে যাঁরা ছিলেন আর কোম্পানির আচরণ ও ব্যবসা এবং কোম্পানির জন্য যাঁরা দায়ী ছিলেন, তাঁদের সবাইকে দায়ী বলে মনে করা হবে আর তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিয়ে সেই অনুযায়ী শাস্তিও দেওয়া হবে।

কিন্তু যদি কেউ এটা প্রমাণ করে দিতে পারেন যে, তাঁর অজান্তসারেই নিয়ম লঙ্ঘন হয়েছে বা তিনি যা করেছেন তা এই নিয়ম লঙ্ঘনকরে রোধ করার জন্যই করেছিলেন, তখন এই আইনের অধীনে যা যা শাস্তির কথা বলা হয়েছে, সেই শাস্তি তাঁকে দেওয়া যাবে না আইনের উপধারায় যা-ই উল্লেখ করা থাকুক না-কেন।

শাস্তি

এই আইনের কোনও নিয়ম লঙ্ঘন হলে যদি প্রমাণিত হয় যে, কোম্পানির কোনও ডিরেক্টর, ম্যানেজার, সেক্রেটারি বা অন্য কোনও অফিসারের সম্মতিতে বা তাঁরা দেখেও না-দেখার ভান করে থাকার জন্য বা তাঁদের অবহেলার জন্যই নিয়ম লঙ্ঘন হয়েছে, তখন এই আইনের উপধারায় যা-ই উল্লেখ থাকুক না-কেনকোম্পানির সেই ডিরেক্টর, ম্যানেজার, সেক্রেটারি বা অন্য যে-কোনও অফিসারকে দায়ী বলে মনে করা হবে এবং তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে আর সেই অনুযায়ী তাঁদের শাস্তিও দেওয়া হবে।



ভারতের বাইরে কোনও নিয়ম লঙ্ঘন বা নিয়মের বিরোধিতা করা হলে যা করা হবে



নিয়ম লঙ্ঘন

যে কোনও দেশের যে কোনও ব্যক্তি ভারতের বাইরে কোনও নিয়ম লঙ্ঘন বা নিয়মের বিরোধিতা করলে তাঁর বিরুদ্ধে এই আইনের বিধি অনুযায়ী ও উপধারা (২)-এর বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

শাস্তি

সেন্ট্রাল আইডেন্টিটিজ ডেটা রিপোজিটরি-র ডেটাকে ঘিরে ভারতের বাইরে কোনও ব্যক্তি কোনও নিয়ম লঙ্ঘন বা কোনও নিয়মের বিরোধিতা করলে তার বিরুদ্ধে উপধারা (১) ও এই আইনের বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।



নিয়ম লঙ্ঘন হলে তার তদন্ত করার ক্ষমতা



ফৌজদারি কার্যবিধি, 1973-এ যা-ই উল্লেখ থাকুক না-কেন, এই আইনের অধীনে তদন্ত করার অধিকার থাকবে এমন এক পুলিশ অফিসারের, যাঁর পদ কোনও মতেই পুলিশ ইন্সপেক্টরের নীচের হতে পারবে না।



অন্যান্য শাস্তির ওপর এই আইনের দণ্ড হস্তক্ষেপ করতে পারবে না



কোনও এক সময় বলবত্ থাকা অন্য যে-কোনও আইনের শাস্তি বা দণ্ডকে কার্যকর করার ব্যাপারে কোনও বাধা সৃষ্টি করতে পারবে না এই আইন অনুযায়ী প্রদত্ত কোনও শাস্তি।



নিয়ম লঙ্ঘনকে স্বীয় বিষয় ভাবা



যতক্ষণ না-পর্যন্ত আধার কর্তৃপক্ষ বা তাঁর দ্বারা অধিকারপ্রাপ্ত কোনও ব্যক্তি কোনও অভিযোগ দায়ের করছেন, ততক্ষণ পর্যন্ত এই আইনের অধীনে শাস্তিযোগ্য কোনও নিয়ম লঙ্ঘনকে স্বীয় বিষয় বলে ভাবতে পারবে না কোনও আদালত।

এই আইনের অধীনে শাস্তিযোগ্য কোনও অপরাধের মামলা চালাতে পারবে না চিফ মেট্রোপলিট্যান ম্যাজিস্ট্রেট বা মূখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের নিম্নস্তরের কোনও আদালত।

নথিভুক্তকরণ/হালনাগাদের সময় কোনও ভুলের ফলে নিয়ম লঙ্ঘন ও তার শাস্তি



সিদ্ধ হয়েছে কিন্তু আপলোড হয়নি



ত্রুটির স্বরূপ

- I. নথিভুক্তির তারিখের 10 দিন পরেও নথিভুক্তকরণের প্যাকেট আপলোড না-হলে
- II. নথিভুক্তির তারিখের 20 দিন পরেও নথিভুক্তকরণের প্যাকেট আপলোড না-হলে

সিদ্ধ হয়েছে কিন্তু আপলোড হয়নি: নথিভুক্তির তারিখের 30 দিন পরেও প্যাকেট আপলোড না-হলে সেটাকে হারিয়ে গেছে বলে ধরে নিতে হবে।

মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে

- I. নথিভুক্তকরণ প্যাকেট প্রতি 25 টাকা করে আটকে রাখা হবে।
- II. নথিভুক্তকরণ প্যাকেট প্রতি 50 টাকা করে আটকে রাখা হবে।
- III. নথিভুক্তকরণ প্যাকেট প্রতি 50 টাকা করে আটকে রাখা হবে।



জনবিন্যাসগত ভুল (DE)



ত্রুটির স্বরূপ

ডেটার গুণমানের কোনও ভুল, যেমন ছবি ভাল না-আসা, লিঙ্গ নিশ্চিত থাকলেও সেটার ভুল উল্লেখ বা জন্মের তারিখের ভুল উল্লেখ ইত্যাদি।

মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে

একেটা কেসে প্যাকেট প্রতি 25 টাকা করে আটকে রাখা হবে। একমাসে সম্বলিতভাবে হওয়া জনবিন্যাসগত ভুল।

- I) 30টি কেসের জন্য—180 দিনের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে
- II) 50টি কেসের জন্য—এক বছরের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে



বায়োমেট্রিক ভুল III (BE-III)

নিরআধারনথিভুক্তকরণওআপডেটবোঝা



ক্রটির স্বরূপ

নির্দেশিকা অনুযায়ী ছবি তোলা না-হলে

মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে

একেকটা কেসে প্যাকেট প্রতি 25 টাকা করে আটকে রাখা হবে।

একমাসে সম্মিলিতভাবে হওয়া বায়োমেট্রিক ভুল (BE) III

(1) 30টি কেসের জন্য—180 দিনের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে

(2) 50টি কেসের জন্য—এক বছরের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে

বায়োমেট্রিক ভুল I (BE-I)

ক্রটির স্বরূপ



- সব আঙুল নেই বা কনীনিকা নেই বলে উল্লেখ করে ভুল ভাবে নথিবদ্ধ করা হলে
- বায়োমেট্রিক ভুলের মধ্যেই ছবির ছবি
- অন্য ব্যক্তির ব্যতিক্রম ক্ষেত্রের ছবি

মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে

একেকটা কেসে প্যাকেট প্রতি 1000 টাকা করে আটকে রাখা হবে।

একমাসে সম্মিলিত ভাবে হওয়া বায়োমেট্রিক ভুল (BE)-I:

1. 1টি বা তার বেশি কেসের জন্য—এক বছরের জন্য অপারেটর বরখাস্ত
2. 5টি বা তার বেশি কেসের জন্য—পাঁচ বছরের জন্য অপারেটর বরখাস্ত। সব মিলিয়ে ভুলের পরিমাণ ≥ 1 হলে সঠিক আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

বায়োমেট্রিক ভুল II (BE-II)

ক্রটির স্বরূপ



- ব্যতিক্রম ক্ষেত্রের ছবির মান বাজে হলে
- ব্যতিক্রম ক্ষেত্রের ছবিতে কীসের ব্যতিক্রম তা ধরা না-পড়লে

মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে


একেকটা কেসে প্যাকেট প্রতি 25 টাকা করে আটকে রাখা হবে।

একমাসে সম্মিলিতভাবে হওয়া বায়োমেট্রিক ভুল (BE)-II:

1. 30টি কেসের জন্য—180 দিনের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে।
2. 50টি কেসের জন্য—এক বছরের জন্য অপারেটরকে বরখাস্ত করা হবে।


ছবি থেকে ছবি (PoP)

নিরুপস্থিত নথিভুক্তকরণ ও আপডেটবোঝা

ক্রটির স্বরূপ	মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে
 <p>অন্য কোনও ছবি থেকে ছবি তুললে/মনুষ্যতরের ছবি</p>	<p>একেকটা কেসে প্যাকেট প্রতি 1000 টাকা করে আটকে রাখা হবে। একমাসে সম্মিলিতভাবে হওয়া বায়োমেট্রিক ভুল (BE) -I:</p> <ol style="list-style-type: none"> 1টি বা তার বেশি কেসের জন্য – এক বছরের জন্য অপারেটর বরখাস্ত 5টি বা তার বেশি কেসের জন্য – পাঁচ বছরের জন্য অপারেটর বরখাস্ত। সব মিলিয়ে ভুলের পরিমাণ ≥ 1 হলে সঠিক আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।




অসংবিধানিক ভাষা

ক্রটির স্বরূপ	মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে
 <p>নাগরিকের জনবিন্যাসগত তথ্য অসংবিধানিক ভাষা/অপব্যবহারমূলক ভাষার প্রয়োগ হলে</p>	<p>একেকটা কেসে প্যাকেট প্রতি 1000 টাকা করে আটকে রাখা হবে।</p> <p>একমাসে সম্মিলিতভাবে হওয়া বায়োমেট্রিক ভুল (BE) -I:</p> <ol style="list-style-type: none"> 1টি বা তার বেশি কেসের জন্য – এক বছরের জন্য অপারেটর বরখাস্ত 5টি বা তার বেশি কেসের জন্য – পাঁচ বছরের জন্য অপারেটর বরখাস্ত। সব মিলিয়ে ভুলের পরিমাণ ≥ 1 হলে সঠিক আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।



নথিভুক্তকরণ এজেন্সির পারফরম্যান্স

ক্রটির স্বরূপ	মাসে মাসে যা পদক্ষেপ করতে হবে
